

DPSCD গ্রেড কে-২ ডিসট্যান্স লার্নিং প্ল



উপকরণসমূহ

কিন্ডারগার্টেন গ্রেড-২ এর শিক্ষার্থীরা সপ্তাহে ৪-৫ দিন ELA, গণিত, সমাজ শিক্ষা ও বিজ্ঞান বিষয়ে এবং সপ্তাহে ২ দিন অন্যান্য বিষয়ে ডিসট্যান্স লার্নিং এ অংশ নেবে। প্রতিদিনের ডিসট্যান্স লার্নিং এর মধ্যে থাকবে:

- লেসন ভিডিও এবং স্টুডেন্ট ওয়ার্ক প্যাকেট
- অনলাইনে বা ফোনে শিক্ষকদের কাঠামোগত সহায়তা
- i-রেডি রিডিং এবং গণিত একত্রে শেখা

লার্নিং রিসোর্স	বিবরণ
স্টুডেন্ট ওয়ার্ক প্যাকেট	এই ওয়ার্ক প্যাকেটে প্রতিটি বিষয়ের জন্য প্রতিদিনের পাঠের উপকরণ অন্তর্ভুক্ত রয়েছে। প্যাকেটগুলো বিতরণের সাইটসমূহ থেকে নেয়া যাবে অথবা ডিস্ট্রিক্টের ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে।
লেসন ভিডিও	লেসন ভিডিওর লিঙ্ক সরাসরি প্যাকেটে দেয়া আছে। এছাড়া ভিডিওগুলো পাওয়া যাবে www.detroitk12.org/youtube এবং https://gm.greatminds.org/en-us/knowledgeonthego ঠিকানায়। স্টুডেন্ট ওয়ার্ক প্যাকেটে পাওয়া নাম ব্যবহার করে ভিডিওগুলো অনুসন্ধান করুন।
মাইক্রোসফট টিমস	টিমস ব্যবহার করে শিক্ষার্থীরা সরাসরি শিক্ষক সহায়তা সেশনে অংশ নেবে এবং তাদের কাজ জমা দেবে। শিক্ষার্থীরা অনলাইনে বা ফোনে টিমস অ্যাক্সেস করতে পারবে।
i-রেডি	স্বাধীনভাবে অধ্যয়ন এবং গণিত অনুশীলনের জন্য এই মিশ্র লার্নিং রিসোর্সটি ব্যবহার করুন।

সময়সূচি

নিচে প্রতিটি বিষয়ের জন্য প্রাত্যহিক ও সাপ্তাহিক কাজের একটি সংক্ষিপ্তসার ডিস্ট্রিক্ট কর্তৃক সরবরাহ করা হয়েছে। আপনার সন্তানের শিক্ষকরা লাইভ শিক্ষক সহায়তা সেশন সম্পর্কিত অতিরিক্ত বিবরণ সরবরাহ করবেন।

আমরা যথেষ্ট সচেতন রয়েছি যে এমন বহু কারণ রয়েছে যা এই সমস্ত বিষয়কে সঠিক পথে পরিচালনা করা কঠিন করে তোলে, এবং পরিবারগুলোর সম্পৃক্ততার প্রত্যাশিত স্তর সম্পর্কে তাদের সন্তানের শিক্ষকদের সঙ্গে পরিকল্পনা করা উচিত। শিক্ষক, পরিবার ও শিক্ষার্থীরা একসঙ্গে কাজ করলে, আগামী দশ সপ্তাহ আমাদের সকল শিক্ষার্থীর জন্য মূল্যবান শিক্ষার সুযোগ হতে পারে।

সময়	কার্যকলাপ
সকাল ৯টার আগে	গণিত একটি ইউরেকা ভিডিও (৩০-৪৫ মিনিটের) দেখা এবং প্রতিদিনের গাণিতিক সমস্যাগুলো সমাধান করা।
সকাল ৯টা – ১১টা	টিমস বা ফোনে শিক্ষকের সর্বোচ্চ এক ঘন্টার জন্য গণিত বিষয়ে সরাসরি সহায়তা। যখন শিক্ষার্থীরা তাদের শিক্ষকের সঙ্গে কাজ করছে না, তখন শিক্ষার্থীরা যা করতে পারে: <ul style="list-style-type: none">• i-রেডি ম্যাথ• আর্ট বা সংগীত সমৃদ্ধকরণ কার্যক্রম• লার্নিং গেমস / ক্রিয়েটিভ প্লে• বুধবার: সাপ্তাহিক বিজ্ঞান বিষয়ক ভিডিও এবং বুকলেট ক্রিয়াকলাপ
দুপুর ১২টার আগে	রিডিং ELA/রিডিং ভিডিও দেখা (১৫ মিনিট)
দুপুর ১২টা – ২টা	টিমস বা ফোনে সর্বোচ্চ এক ঘন্টার জন্য শিক্ষকের সরাসরি ELA সহায়তা। যখন শিক্ষার্থীরা তাদের শিক্ষকের সঙ্গে কাজ করছে না, তখন শিক্ষার্থীরা যা করতে পারে: <ul style="list-style-type: none">• সোমবার: সাপ্তাহিক সমাজ শিক্ষা ভিডিও এবং বুকলেট ক্রিয়াকলাপ• i-রেডি রিডিং• শারীরিক শিক্ষা এবং সুস্থতার জন্য সমৃদ্ধকরণ কার্যক্রম• স্বাধীনভাবে অধ্যয়ন/HFW অনুশীলন
দুপুর ২টা – ৩টা	সোমবার: শরীরচর্চা/মুক্ত খেলাধুলা মঙ্গলবার: টিমস বা ফোনে শিক্ষকের সরাসরি সমাজ শিক্ষা বিষয়ে সহায়তা। বুধবার: শরীরচর্চা/মুক্ত খেলাধুলা বৃহস্পতিবার: টিমস বা ফোনে শিক্ষকের সরাসরি বিজ্ঞান বিষয়ে সহায়তা। শুক্রবার: শিক্ষককে সাপ্তাহিক কাজ জমা দেয়া

গ্রেডিং

শিক্ষকরা শিক্ষার্থীদের জমা দেয়া সমস্ত কাজের ব্যাপারে মতামত জানাবেন, কিন্তু শিক্ষার্থীদের কোন গ্রেড দেয়া হবে না। শিক্ষকরা "অসাধারণ" উল্লেখ করে অথবা সঠিক উত্তরের শতাংশ হিসেব করে এই কাজের মূল্যায়ন করতে পারেন, কিন্তু এই গ্রেড কোন রিপোর্ট কার্ড বা স্থায়ী রেকর্ডে অন্তর্ভুক্ত হবে না। একজন শিক্ষক প্রদত্ত যেকোন প্রতিক্রিয়া কেবল শিক্ষার্থী কাজটি কতটা ভালভাবে সম্পন্ন করেছে তা জানানোর জন্য ব্যবহৃত হবে। শিক্ষার্থীরা ১২ মার্চ, ২০২০ এর মধ্যে শেষ যে দিন স্কুলে অংশ নিয়েছিল সেদিন পর্যন্ত তাদের অ্যাকাডেমিক পারফরম্যান্সের ভিত্তিতে তৃতীয় কোয়ার্টারের জন্য গ্রেড পাবে। এই গ্রেড চতুর্থ কোয়ার্টারেও দেয়া হবে। যেসব শিক্ষার্থী তাদের চতুর্থ কোয়ার্টার গ্রেডে উন্নতি করতে চায় তারা তাদের শিক্ষকের সরবরাহকৃত সমৃদ্ধ উপকরণ ব্যবহার করতে পারে। অন্যথায় তৃতীয় কোয়ার্টারের গ্রেড চতুর্থ কোয়ার্টারের জন্যও গণনা করা হবে।

অ্যাসাইনমেন্টগুলো সমৃদ্ধির ভিত্তিতে হবে। যদিও শিক্ষার্থীদের চতুর্থ কোয়ার্টারে গ্রেড উন্নত করার জন্য অতিরিক্ত ক্রেডিট অর্জনের একটি সুযোগ দেয়া হতে পারে, কিন্তু ডিসট্যান্স লার্নিং এর কাজগুলো শিক্ষার্থীদের তৃতীয় কোয়ার্টারের গ্রেডকে পরিবর্তন করবে না।